**ত্রিপুরা সরকার**
**তথ্য ও সংস্কৃতি অধিকার**
*********

স-৪১৪৯
আগরতলা, ১৩ ফেব্রুয়ারি, ২০১৯

## রাজ্যের কৃষ্টি-সংস্কৃতি ও সম্প্রীতি যে কোন মূল্যে রক্ষা করতে সরকার দায়বদ্ধ ঃ মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যের কৃষ্টি-সংস্কৃতি, ও সম্প্রীতি যে কোন মূল্যে রক্ষা করতে সরকার দায়বদ্ধ বলে দৃঢ়তার সাথে সরকারের দৃষ্টিভঙ্গীর কথা ব্যক্ত করেন। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে সাংবাদিকদের সাথে কথা বলার সময় মুখ্যমন্ত্রী রাজ্য সরকারের এই দৃষ্টিভঙ্গীর কথা তুলে ধরেন। তিনি বলেন, যে শপথ নিয়ে রাজ্য সরকার প্রতিষ্ঠিত হয়েছে যে কোন মূল্যে নিষ্ঠার সঙ্গে সেই অঙ্গীকারকে রক্ষা করা হবে। মুখ্যমন্ত্রী বলেন, কোন কোন মহল থেকে বিভ্রান্তি ছড়ানোর অপপ্রয়াস নেওয়া হচ্ছে। তাতে বিভ্রান্ত না হতে তিনি রাজ্যবাসীর প্রতি আহ্বান জানান।

মুখ্যমন্ত্রী সাংবাদিকদের সাথে কথা বলার সময় আরও বলেন, ২০১৪ সাল থেকে কেন্দ্রে নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর উত্তর-পূর্বাঞ্চল রাজ্যগুলির পরিকাঠামো, শিক্ষা, সংস্কৃতি ইত্যাদি সর্বক্ষেত্রে উন্নয়নের জন্য বিশেষভাবে গুরুত্ব দেওয়া হচ্ছে। এবার অন্তর্বর্তী বাজেটেও উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির জন্য ২১ শতাংশ বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে অষ্টলক্ষ্মী হিসাবে অর্থাৎ ধনবান রাজ্যে উন্নীত করতে চাইছেন। উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির কৃষ্টি সংস্কৃতি, ভূমি সুরক্ষিত রাখার জন্য প্রধানমন্ত্রী নিষ্ঠাবান বলে মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন।

মুখ্যমন্ত্রী সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে বলেন, কারোর প্রতি আমার বিদ্বেষ নেই। সকল ত্রিপুরাবাসীই আমার কাছে সমান। ত্রিপুরাকে সুরক্ষিত রাখতে এবং জনজাতি সহ সকল অংশের নাগরিকদের সুরক্ষা প্রদান করতে তিনি এবং রাজ্য মন্ত্রিসভার সদস্যগণ দায়বদ্ধ। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরাবাসী রাজ্যের নতুন সরকারের উপর যে দায়িত্ব ন্যস্ত করেছে সরকার তা নিষ্ঠা ও সততার সঙ্গে পালন করতে বদ্ধপরিকর। সাংবাদিক সম্মেলনে উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মাও উপস্থিত ছিলেন।

****